# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলা দ্বিতীয় পত্র

রচনামূলক প্রশ্ন

সময় — ২ ঘন্টা　　পূর্ণমান — ৫০　　বিষয় কোড: ১০২

[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১. **যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ রচনা করো:** ৫

(ক) নারী শিক্ষা

(খ) সড়ক দুর্ঘটনা

২. (ক) মনে করো তোমার নাম ইরফান, তোমার বন্ধুর নাম অভি। অভি তোমার জীবনের লক্ষ্য জানতে চেয়েছে। প্রবাসী বন্ধু অভিকে তোমার জীবনের লক্ষ্যের কথা জানিয়ে একটি পত্র লেখো। ৫

অথবা, (খ) ছাত্রকল্যাণ তহবিল থেকে আর্থিক সাহায্য মঞ্জুরের জন্যে প্রধান শিক্ষকের নিকট একখানা দরখাস্ত লেখো।

৩. **যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:** ১০

**(ক) সারাংশ লেখ:**

মানুষ সৃষ্টির শ্রেষ্ঠ প্রাণী। জগতের অন্যান্য প্রাণীর সহিত মানুষের পার্থক্যের কারণ– মানুষ বিবেক ও বুদ্ধির অধিকারী। এই বিবেক, বুদ্ধি ও জ্ঞান নাই বলিয়া আর সকল প্রাণী মানুষ অপেক্ষা নিকৃষ্ট। জ্ঞান ও মনুষ্যত্বের উৎকর্ষ সাধন করিয়া মানুষ জগতের বুকে অক্ষয় কীর্তি স্থাপন করিয়াছে, জগতের কল্যাণ সাধন করিতেছে; পশুবল ও অর্থবল মানুষকে বড় বা মহৎ করিতে পারে না। মানুষ হয় জ্ঞান ও মনুষ্যত্বের বিকাশে। জ্ঞান ও মনুষ্যত্বের প্রকৃত বিকাশে জাতির জীবন উন্নত হয়। প্রকৃত মানুষই জাতীয় জীবনের প্রতিষ্ঠা ও উন্নয়ন আনয়নে সক্ষম।

**(খ) সারমর্ম লেখ:**

সার্থক জনম আমার জন্মেছি এই দেশে,
সার্থক জনম মাগো তোমায় ভালবেসে।
জানি না তোর ধন-রতন আছে কিনা রাণীর মতন
শুধু জানি আমার অঙ্গ জুড়ায় তোমার ছায়ায় এসে।
কোন্ বনেতে জানিনে ফুল গন্ধে এমন করে আকুল,
কোন্ গগনে উঠেরে চাঁদ এমন হাসি হেসে।
আঁখি মেলে তোমার আলো প্রথম আমার চোখ জুড়ালো,
ওই আলোতেই নয়ন রেখে মুদব নয়ন শেষে।

৪. **যেকোনো একটি ভাবসম্প্রসারণ করো:** ১০

(ক) মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নহে।

অথবা, (খ) স্বদেশের উপকারে নেই যার মন
কে বলে মানুষ করে পশু সেই জন।

৫. (ক) রবীন্দ্র জন্মজয়ন্তী উপলক্ষে আয়োজিত একটি অনুষ্ঠানের প্রত্যক্ষদর্শী হিসেবে বিবরণ দিয়ে একটি প্রতিবেদন রচনা করো। ১০

(খ) একটি মর্মান্তিক সড়ক দুর্ঘটনার বিবরণ দিয়ে একটি প্রতিবেদন করো।

৬. **যেকোনো একটি বিষয়ে রচনা লেখো:** ২০

(ক) ইন্টারনেট

(খ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

(গ) একটি বর্ষণমুখর সন্ধ্যা

http://teachingbd.com

# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলা দ্বিতীয় পত্র: নৈর্ব্যক্তিক অভীক্ষা বিষয় কোড: ১ ০ ২

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **'অন্বেষণ' শব্দটি কোন সন্ধি?**
ক স্বরসন্ধি খ ব্যঞ্জন সন্ধি
গ বিসর্গ সন্ধি ঘ নিপাতনে সিদ্ধ সন্ধি

২. **সম্বন্ধ পদ বাক্যে কোথায় বসে?**
ক বিশেষ্যের পূর্বে খ বিশেষণের পূর্বে
গ বিশেষ্যের পরে ঘ বিশেষণের পরে

৩. **ণত্ব ও ষত্ব বিধান ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?**
ক ধ্বনিতত্ত্বে খ শব্দতত্ত্বে
গ বাক্যতত্ত্বে ঘ রূপতত্ত্বে

৪. **'বিদ্বানকে সকলেই আদর করে'—বাক্যটি কর্মবাচ্যে কী হবে?**
ক বিদ্বান সকলের দ্বারা সমর্থিত
খ বিদ্বান সকলের দ্বারা সমাদৃত হন
গ বিদ্বান সকল কর্তৃক সমর্থিত
ঘ বিদ্বানকে সকলেই ভালোবাসে

৫. **ক্রমবাচক বা পূরণবাচক সংখ্যা কোনটি?**
ক তিন খ দ্বাদশ
গ পনেরই ঘ দোসরা

৬. **দুটি সমবর্ণের একটির পরিবর্তনকে কী বলে?**
ক সমীভবন খ ব্যঞ্জন বিকৃতি
গ ব্যঞ্জনদ্বিত্বতা ঘ বিষমীভবন

৭. **নিচের কোন শব্দটি সাধিত ধাতুর উদাহরণ?**
ক পড়্ খ পড়া
গ ড়া ঘ শোন্

৮. **সাধু ও চলিত ভাষার মূল পার্থক্য কোন পদে বেশি দেখা যায়?**
ক বিশেষ্য ও বিশেষণে খ ক্রিয়া ও সর্বনামে
গ বিশেষ্য ও ক্রিয়ায় ঘ বিশেষণ ও ক্রিয়ায়

৯. **'তন্বী' শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ কী?**
ক তনু + ঈ খ তনু + ই
গ তন্বী + ঈ ঘ তনী + ব

১০. **'দেখেছ, তার কবি কবি ভাব'— এ বাক্যে কী বোঝাতে দ্বিরুক্তি ব্যবহৃত হয়েছে?**
ক আধিক্য বোঝাতে
খ আগ্রহ বোঝাতে
গ সঠিকতা বোঝাতে
ঘ সামান্যতা বোঝাতে

১১. **'আনী' স্ত্রী প্রত্যয় যোগে গঠিত স্ত্রীবাচক শব্দ কোনটি?**
ক বাঘিনী খ চাকরানী
গ ভাগনী ঘ জেলেনী

১২. **হৃদয়াবেগ প্রকাশ করতে কোন চিহ্ন লাগে?**
ক কমা খ হাইফেন
গ প্রশ্নবোধক ঘ বিস্ময়সূচক

১৩. **নিচের কোনটি বিশেষ নিয়মে সাধিত স্ত্রীবাচক শব্দ?**
ক মেধাবিনী খ মানবী
গ সারী ঘ গরীয়সী

১৪. **বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রা, অর্ধমাত্রা ও মাত্রাহীন বর্ণের সংখ্যা যথাক্রমে —**
ক ৩২, ৮, ১০ খ ৩২, ৭, ১১
গ ৩০, ৮, ১২ ঘ ৩২, ৭, ৯

১৫. **'রাজার দুয়ারে হাতি বাঁধা'— এখানে 'দুয়ারে' কোন অর্থে ঐকদেশিক অধিকরণ?**
ক সামীপ্য খ ব্যাপ্তি
গ পর্যন্ত ঘ অতিক্রান্ত

১৬. **গায়ক = গৈ + ণক (অক) অর্থ গান করে যে, কোন শব্দের উদাহরণ?**
ক যোগরূঢ় শব্দের খ নবসৃষ্ট শব্দের
গ যৌগিক শব্দের ঘ রূঢ়ি শব্দের

১৭. **'নির্দেশক সর্বনাম'-এর সঙ্গে টা, টি যুক্ত হলে তা কী হয়?**
ক উৎকৃষ্ট খ সুনির্দিষ্ট
গ নিকৃষ্ট ঘ অস্পষ্ট

১৮. **যে ক্রিয়া একজনের প্রযোজনায় অন্য কর্তৃক অনুষ্ঠিত হয় সেই ক্রিয়াকে কী বলে?**
ক যৌগিক ক্রিয়া খ মিশ্র ক্রিয়া
গ প্রযোজক ক্রিয়া ঘ প্রযোজ্য ক্রিয়া

১৯. **কোনটি 'ঈষৎ' অর্থে অব্যয়ীভাব সমাস?**
ক আরক্তিম খ আগমন
গ আজীবন ঘ আপাদমস্তক

২০. **কোনটি খাঁটি বাংলা উপসর্গ সাধিত শব্দ?**
ক ইতিহাস খ অনুবাদ
গ অভিযান ঘ গরমিল

Teachingbd.com

http://teachingbd.com

২১. 'দুর্নীতি, দুর্নাম, দুর্নিবার, সর্বনাম' প্রভৃতি শব্দগুলোতে মূর্ধন্য 'ণ' ব্যবহৃত হয় নি কেন?
ⓚ তৎসম শব্দ বলে ⓚ দেশি শব্দ বলে

- ক তৎসম শব্দ বলে
- খ দেশি শব্দ বলে
- গ বিদেশি শব্দ বলে
- ঘ সমাসবদ্ধ শব্দ বলে

২২. 'হের ঐ দুয়ারে দাঁড়িয়ে কে'— বাক্যে ব্যবহৃত 'হের' ধাতুটি কোন প্রকারের?

- ক আরবি
- খ হিন্দি
- গ ফারসি
- ঘ অজ্ঞাত মূল

২৩. 'শোক'-এর সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?

- ক শু+ঘঞ
- খ √শুচ+ঘঞ
- গ √শুচ+ক্ত
- ঘ শুচি+ঘঞ

২৪. চার আর তিনে মিলে সাত হয় — বাক্যটিতে কী প্রকাশে নিত্যবৃত্ত বর্তমান কালের বিশিষ্ট্য প্রয়োগ হয়েছে?

- ক স্থায়ী সত্য
- খ অনিশ্চয়তা
- গ কামনা
- ঘ সম্ভাবনা

২৫. 'সারাটি সকাল/বিকেল তোমার আশায় বসে আছি' — এখানে 'সারাটি' কোন অর্থ প্রকাশ করেছে?

- ক নিরর্থক ভাব
- খ অনির্দিষ্টতা
- গ নির্দিষ্টতা
- ঘ সামান্যতা

২৬. 'গীতাঞ্জলি', 'বিশ্বনবী' কোন ধরনের বিশেষ্য পদ?
বা সোনার তরী, বিষের বাঁশি, নক্সী কাঁথার মাঠ— এগুলো কোন শ্রেণির বিশেষ্য?

- ক সংজ্ঞাবাচক
- খ গুণবাচক
- গ বস্তুবাচক
- ঘ সমষ্টিবাচক

২৭. 'জায়া' শব্দের স্থলে বহুব্রীহি সমাসে কোনটি ব্যবহৃত হয়?

- ক দম
- খ জানি
- গ যুবতী
- ঘ পত্নী

২৮. 'জাত' অর্থে কোনটিতে 'আই' প্রত্যয় যুক্ত হয়েছে?

- ক ঢাকাই/পাবনাই
- খ মোগলাই
- গ মিঠাই
- ঘ চড়াই

২৯. 'তার বয়স হয়েছে, কিন্তু বুদ্ধি পাকে নি'— উদাহরণটি কোন বাক্যের?

- ক সরল বাক্য
- খ জটিল বাক্য
- গ যৌগিক বাক্য
- ঘ সংযুক্ত বাক্য

৩০. ভবিষ্যৎ কালের অনুজ্ঞায় কোন পুরুষ ব্যবহৃত হয় না?

- ক উত্তম পুরুষ
- খ মধ্যম পুরুষ
- গ নাম পুরুষ
- ঘ কোনোটিই নয়

৩১. কোনটি বিশেষ্য পদের একবচনরূপে ব্যবহৃত হয়েছে?

- ক বাগানে ফুল ফুটেছে
- খ মানুষ মরণশীল
- গ আকাশে চাঁদ উঠেছে
- ঘ বনে বাঘ আছে

৩২. 'ফুলে ফুলে ঘর ভরেছে'— এ বাক্যে 'ফুলে ফুলে' কোন কারকে কোন বিভক্তি?
বা 'ফুলে ফুলে ভরেছে বাসর'— এ বাক্যে 'ফুলে ফুলে' কোন কারকে কোন বিভক্তি?

- ক কর্মে ৭মী
- খ করণে ৭মী
- গ অধিকরণে ৭মী
- ঘ অপাদানে ৭মী

৩৩. কোনগুলো কর্মপ্রবচনীয় শব্দ?

- ক অনু, উপ
- খ পক্ষে, জন্যে
- গ যেন, যে
- ঘ কিংবা, নতুবা

৩৪. অনুসর্গরূপে অসমাপিকা ক্রিয়ার ব্যবহার হয়েছে কোন বাক্যে?

- ক কোন দেশেতে তরুলতা সকল দেশের চাইতে শ্যামল
- খ বাল্যকালে বিদ্যাভাস করতে হয়
- গ কাটিতে কাটিতে ধান এল বরষা
- ঘ এখনই ট্রেন ধরতে হবে

৩৫. 'গদাই লস্করী চাল' কথাটির অর্থ কী?

- ক অতি ধীর গতি
- খ আভিজাত্য
- গ আধুনিকতা
- ঘ অতি দ্রুত গতি

৩৬. অঞ্জনা, খঞ্জনা, মঞ্জুষা শব্দগুলোর মধ্যে যুক্ত বর্ণটির রূপ কী?

- ক ন্ + জ
- খ ণ্ + জ
- গ ঞ + জ
- ঘ ঙ + জ

৩৭. প্রশ্নবোধক, অনুজ্ঞাসূচক ও আবেগসূচক প্রত্যক্ষ উক্তিকে পরোক্ষ উক্তিতে পরিবর্তন করতে হলে প্রধান খণ্ডবাক্যের ক্রিয়াকে কী অনুসারে পরিবর্তন করতে হয়?

- ক ভাব অনুসারে
- খ বাচ্য অনুসারে
- গ অর্থ অনুসারে
- ঘ উক্তি অনুসারে

৩৮. যুগ্মরীতিতে দ্বিরুক্ত পদ গঠিত হয়েছে কোনটিতে?

- ক হাতে-নাতে
- খ ভয়ে ভয়ে
- গ রীতি-নীতি/টুপটাপ
- ঘ চাল-চলন

৩৯. "তোমাকে নিয়ে কী মুশকিলেই না পড়লাম।"— এ বাক্যটিতে কী অর্থ প্রকাশ পেয়েছে?

- ক বিরক্তি
- খ বিড়ম্বনা
- গ ক্ষোভ
- ঘ ঘৃণা

৪০. 'আলপিন' কোন ভাষার শব্দ?

- ক পর্তুগিজ
- খ ওলন্দাজ
- গ গুজরাটি
- ঘ তুর্কি

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | ক | ৩ | ক | ৪ | খ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | খ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ক | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | ক |
| | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | ক | ৩১ | গ | ৩২ | ঘ | ৩৩ | খ | ৩৪ | ক | ৩৫ | ক | ৩৬ | গ | ৩৭ | ক | ৩৮ | গ | ৩৯ | খ | ৪০ | ক |

teachingbd.com